

চ. বি. ডি-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের জ্ঞাতব্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৭.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডি-ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির লিখিত ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী ১ম পর্যায়ে ইউনিটভুক্ত বিভিন্ন বিভাগে ভর্তির জন্য মনোনয়ন পেয়েছে নিম্নোক্ত সূচি অনুসারে তাদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। নির্দিষ্ট তারিখে সংশ্লিষ্ট ভর্তি প্রার্থীকে স্বাক্ষরসহ এক কপি ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম, বিভাগ / বিষয় পছন্দক্রম ফরম, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস. এস. সি.ও এইচ. এস. সি. / সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল মার্কশীট, অন্যান্য মূল সনদ এবং সত্যায়িত দুই কপি গার্সপোর্ট সাইজের ছবিসহ ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ অফিসে জমা দিতে হবে। যারা নির্দিষ্ট তারিখে অনুষদ অফিসে উপরোক্ত কাগজপত্র জমাসহ 'অনুষদ উন্নয়ন' ফি বাবদ নগদ ৫০০/- (পাঁচশত টাকা) এবং 'শিক্ষা সহায়ক' ফি বাবদ নগদ ৩,০০০/- (তিন হাজার) টাকা জমা দিতে ব্যর্থ হবে পরবর্তীতে তাদের কাগজপত্র জমা নেয়া হবে না এবং ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

মেধাক্রম অনুসারে ১ম পর্যায়ে বিষয় / বিভাগ মনোনয়ন প্রাপ্তদের ভর্তি সংক্রান্ত প্রাথমিক কাজ সম্পন্ন হওয়ার পর আসন শূন্য হওয়া সাপেক্ষে ২য় ও ৩য় পর্যায়ে বিষয় / বিভাগ মনোনয়ন প্রাপ্তদের তালিকা বিশ্ববিদ্যালয়ের অনলাইনে প্রকাশ করা হবে। অপেক্ষমান তালিকার ছাত্র / ছাত্রীদেরকে নিজ দায়িত্বে চ. বি.ওয়েবসাইট থেকে (<http://admission.eis.cu.ac.bd>) সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য বলা হচ্ছে।

ডি-ইউনিটে সাধারণ আসনে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক কার্যক্রম সম্পাদনের সময়সূচি

ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ অফিসে মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার তারিখ	২০.১১.২০১৭ - ২৯.১১.২০১৭ পর্যন্ত
ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ অফিসে 'অনুষদ উন্নয়ন' এবং 'শিক্ষা সহায়ক' ফি জমার তারিখ	২০.১১.২০১৭ - ২৯.১১.২০১৭ পর্যন্ত
১ম, ২য় ও ৩য় পর্যায়ে নির্বাচিত সকল ছাত্র-ছাত্রীর ব্যাংকে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	১৮.১২.২০১৭ - ২৮.১২.২০১৭ পর্যন্ত

(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)

ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারি, ডি-ইউনিট ভর্তি কমিটি ২০১৭-১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মাননীয় উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২। মাননীয় উপ-উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৫। সভাপতিবৃন্দ, সমাজ বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, আইন অনুষদ, শিক্ষা অনুষদ ও জীব বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগ, চ. বি.
- ৬। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৭। কো-অর্ডিনেটর, আই সি টি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৮। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ. বি. (বিভিন্ন আঞ্চলিক ও জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, চ. বি.
- ১০। বিজ্ঞপ্তি ফলক, সমাজ বিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।